

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ০৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ।

আয়কর পেশাজীবী (আইটিপি) নিবন্ধন কার্যক্রম-২০১৭

সুশাসনের আওতায় নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হবে: প্রতিযোগিতায় যোগ্যরা সুযোগ পাবেন

কর আইনের মত জটিল বিষয়কে সাধারণ করদাতাদের কাছে সহজবোধ্য করে সরকারের রাজস্ব ভান্ডারে অর্থ যোগানে আয়কর পেশাজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের মাধ্যমে আয়কর পেশাজীবীগণ সাধারণ জনগণকে সঠিকভাবে কর প্রদানে সচেতন ও উদ্বুদ্ধ করে। আয়কর প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন ও করদাতা-বান্ধব পরিবেশ সৃষ্টি করতে আয়কর পেশাজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর বিভাগের কার্যক্রম দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি আয়কর পেশাজীবীর সংখ্যাও বৃদ্ধি করা প্রয়োজন।

আয়কর দাতার নিবন্ধন সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গতি রেখে আয়কর পেশাজীবী নিবন্ধনের কার্যক্রম বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করছে এনবিআর। এ প্রক্রিয়ার অংশ হিসেবে নতুন আয়কর পেশাজীবীদের নিবন্ধন দেয়ার জন্য গত ২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. তারিখে কয়েকটি জাতীয় দৈনিকে আয়কর পেশাজীবী (আইটিপি) নিবন্ধন-২০১৭ সম্পর্কে বিজ্ঞপ্তি প্রকাশ করে এনবিআর। গত ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত আবেদনের সময়সীমা নির্ধারিত ছিল। এ সময়ের মধ্যে প্রায় ২২ হাজার ৩৮৬টি আবেদন জমা পড়েছে। আয়কর আইনজীবী হওয়ার জন্য আবেদনকারীগণ অত্যন্ত স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়েছেন। এনবিআর গৃহীত 'সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো'র আওতায় প্রয়োজনীয় কার্যপদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক আয়কর পেশাজীবী নিবন্ধন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।

এ বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, আয়কর পেশাজীবীগণ এনবিআরের গুরুত্বপূর্ণ অংশীজন। কর বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি আয়কর পেশাজীবীগণ উন্নয়নের অক্সিজেন 'রাজস্ব' সংগ্রহের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখেন। এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের মাধ্যমে আয়কর পেশাজীবীগণ সাধারণ জনগণকে সঠিকভাবে কর প্রদানে সচেতন ও উদ্বুদ্ধ করে থাকে।


তিনি আশা প্রকাশ করে বলেন, ভবিষ্যতেও আয়কর পেশাজীবী রাজস্ব বোর্ডের সহযোগী শক্তি হিসেবে কাজ করবে। জাতীয় রাজস্ব বোর্ড তার সকল অংশীজনের সাথে সুসম্পর্ক বজায় রাখার পাশাপাশি সকল ক্ষেত্রে সুশাসন ও করদাতা বান্ধব পরিবেশ সুনিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। আমরা 'আন্তরিক অংশীজন সম্পর্ক' বিনিমাণে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছি। আগামী দিনগুলোতে আয়কর পেশাজীবীদের সাথে আমাদের পেশাগত সম্পর্ক অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহে অধিকতর ফলপ্রসূ ও কার্যকর হবে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

প্রাপক:

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।


১/০৪/২০১৭ খ্রিঃ
(সৈয়দ এ, মু'মেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা
ফোন: ০১৭৫৮৮৭১০৭১